**শিখনফলঃ**

২.১.২ ৫১ থেকে ১০০ পর্যন্ত উপকরণ দশের গুচ্ছ করে গণনা করতে, বলতে ও লিখতে পারবে।




## বনের রাজার জরুরি মিটিং



আফ্রিকার ঘন বন। সিংহ হলো এ বনের রাজা। রাজা তার প্রজা অন্যান্য প্রাণীকে জরুরি মিটিংয়ে ডেকেছে। সকাল ৮ টার মধ্যে




এসে সবাই হাজির। এলো ১০ টি হাতি ও ১২ টি শিয়াল। তারপর সিংহ জরুরি মিটিং শুরু করলেন।

আচ্ছা তোমরা কি বলতে পারবে, গল্পটিতে হাতি ও শিয়াল মিলে কয়টি প্রাণী আছে? আমি তোমাদেরকে বুঝিয়ে দিচ্ছি কিভাবে এটি বের করবে।

| | |
|---|---|
| ১। প্রথমে মোট কয়টি হাতি তা গণনা করো।<br>২। তারপর মোট কয়টি শিয়াল তা গণনা করো।<br>৩। এবার হাতি ও শিয়াল দুইটি একসাথে গণনা করো।<br>৪। যদি তুমি হাতি ও শিয়াল মিলে ২২ পেয়ে থাকো, তোমার জন্য আছে একটি "হাততালি"! তোমার উত্তর সঠিক হয়েছে।<br>৫। এখন আমি যদি হাতি দিয়ে ১০ এর দল বা গুচ্ছ তৈরি করি, তাহলে ১০ এর দল পাবো ১ টি।<br>৬। আবার, আমি যদি শিয়াল দিয়ে ১০ এর দল বা গুচ্ছ তৈরি করি, তাহলে ১০ এর দল পাবো ১ টি।<br>৬। ১০ এর দল গঠনের পর অবশিষ্ট শেয়াল থাকবে ২ টি। |  |
| | <br>হাতির একটি দশের দল<br><br>শিয়ালের একটি দশের দল<br>অবশিষ্ট শিয়াল – ২ টি |

| | |
|---|---|
| | ১২<br>মোট ২২ টি হাতি ও শিয়াল |

ক) এবার চলো আমরা অন্যভাবে কিছু গণনা করি। নিচের ছবিতে তুমি কয়টি হাঁস দেখতে পাচ্ছো তা গণনা করে নিচের প্রশ্নগুলোর উত্তরগুলো তোমার শিক্ষক, মা-বাবা অথবা ভাই-বোনকে বলো ও লিখে ফেলো। এরপর, ১০ টি করে হাঁস গণনা করে দল বা গুচ্ছ তৈরি করো। তোমাদের বুঝার সুবিধার জন্য একটি দল নিচে করে দিচ্ছি।





১। মোট কয়টি হাঁস পেয়েছো?

২। মোট কয়টি ১০ এর দল বা গুচ্ছ পেয়েছো?

৩। ১০ এর দল বা গুচ্ছ তৈরি করার পর আর কতটি হাঁস বাকি আছে?






খ) এবার চলো আরেকটি মজার কাজ করি। তোমার হাত কি ভালোমতো খেয়াল করেছো? দুই হাতে কয়টি আঙ্গুল আছে তা গণনা করে ঝটপট লিখে ফেলো। মোট কয়টি আঙ্গুল পেয়েছো তা তোমার শিক্ষক, মা-বাবা অথবা ভাই-বোনকে বলো ও লিখে ফেলো।



আচ্ছা তুমি তো দুইটি হাতের আঙ্গুল গণনা করলে। এবার বলো তো, ৭০ টি আঙ্গুল পেতে কয়টি হাতের প্রয়োজন হবে? উত্তরটি ঝটপট খাতায় লিখে ফেলো। উত্তরটি পারলে তোমার জন্য থাকবে একটি হাই ফাইভ!!

গ) এবার চলো ভিন্নভাবে একটু গণনা করি। নিচে বাম পাশের ঘরগুলো দেখি। এবার, প্রতি ঘরে ১০ এর দল বা গুচ্ছ তৈরি করতে কয়টি আপেল লাগবে তা গুণে বের করি। তারপর খাতায় ছোট করে করে আপেলগুলো এঁকে ফেলি। শেষে দুইপাশের ঘরগুলো আপেল গণনা করে নিচের বক্সের নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখি।

তোমাদের বুঝার সুবিধার জন্য একটি উদাহরণ করে দিচ্ছি।

| | |
|---|---|
| ১ ২ ৩ ৪ ৫ ৬  | ১ ২ ৩ ৪  ১০ এর দল হতে আরো ৪ টি আপেল প্রয়োজন। |
|  | ১০ এর একটি দল তৈরি করতে আরো কয়টি আপেল প্রয়োজন ততটা এঁকে ফেলো। |
|  | ১০ এর দুইটি দল তৈরি করতে আরো কয়টি আপেল প্রয়োজন ততটা এঁকে ফেলো। |
|  | ১০ এর চারটি দল তৈরি করতে আরো কয়টি আপেল প্রয়োজন ততটা এঁকে ফেলো। |

১। প্রথম খালিঘরে মোট কয়টি আপেল এঁকেছো?

২। দ্বিতীয় খালিঘরে মোট কয়টি আপেল এঁকেছো?


৩। তৃতীয় খালিঘরে মোট কয়টি আপেল এঁকেছো?

৪। আঁকার পর তিনটি ঘরের দুইপাশে মোট কয়টি আপেল আছে?

ঘ) **নিজেই করবোঃ**

এবার তোমার বইয়ের ৬ পৃষ্ঠায় যাও। ছবিতে কয়টি মুরগি দেয়া আছে তা গণনা করে খাতায় লিখো। এরপর ১০ টি করে দলে ভাগ করে মোট কয়টি দল পেয়েছো তা লিখো।

আমি একটি উদাহরণ দিয়ে দিচ্ছি।



**ধাঁধাঁ সমাধানঃ**

চলো এবার একটু মজা করা যাক। একটি মজার ধাঁধাঁ সমাধান করি। ধাঁধাঁ সমাধান পাবে পরের ক্লাসে পাবে।

**এমন কি আছে যা যদি একবার বেড়ে যায়, তা আর কোনোভাবেই কমে না?**

কন্টেন্ট লেখকঃ মোঃ জাহেদুল ইসলাম, ফেলো, ২০২০ কোহর্ট, টিচ ফর বাংলাদেশ